গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

নং ৩৮.০০.০০০০.০০৫.০৬.০০২.১৯.৯৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ / ০৮ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপী অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

সূত্র: জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪, তারিখ ২৭/০২/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপী অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১ ফর্দ।

০৮/০৩/২০২০
(সত্যকাম সেন)
উপসচিব
ফোন-৯৫৬৫৭৭৭
ইমেইল: dm.mopme@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট/ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
৩। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
৪। উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপপ্রধান (পরিকল্পনা),প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৬
২৭ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপী অনুষ্ঠান আয়োজন।

সূত্র: জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/৫২৪, তারিখ: ০২ ডিসেম্বর ২০১৯

দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। এ লক্ষ্যে ১৭ই মার্চ ২০২০ হতে ২৬শে মার্চ ২০২১ সময়কালকে সরকার কর্তৃক "মুজিববর্ষ" হিসাবে ঘোষণা করে বর্ষব্যাপী বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সরকারি-বেসরকারি দপ্তর, সংস্থা, সংগঠনের সঙ্গে আলোচনাক্রমে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণীত হয়েছে। গত ১০ই জানুয়ারি মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয়েছে। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন হতে যাচ্ছে। কেন্দ্রীয়ভাবে ঢাকাস্থ জাতীয় প্যারেড স্কয়ারে উদ্বোধনী আয়োজনে শত শিশুর কণ্ঠে জাতীয় সংগীত ও শিশু সংগীত, থিম সংগীত, যন্ত্রসংগীত, আতশবাজি, সাংস্কৃতিক পরিবেশনাসহ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রাম বিষয়ে আলোচনা ও তাঁর স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও অন্যান্য সরকারি দপ্তরসহ স্থানীয় প্রশাসন সূত্রোক্ত স্মারক সম্বলিত পত্রের অধিকতর স্পষ্টীকরণ হিসাবে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে উদ্বোধন অনুষ্ঠান উদ্‌যাপনসহ প্রযোজ্য ক্ষেত্রে বছরব্যাপী নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গ্রহণের বিষয়ে বিশেষভাবে বিবেচনা করতে পারে:

- ১৭ই মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতীয় পতাকা উত্তোলন;
- মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক ১৭ই মার্চ, ২০২০ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন (প্রযোজ্য ক্ষেত্রে);
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন ইত্যাদি;
- ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে শিশু-কিশোর সমাবেশসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন;
- মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সচিব-এর দপ্তর
অতিরিক্ত সচিব — গুরুত্বপূর্ণ
অতিরিক্ত সচিব (উন্নয়ন) — জরুরী
অতিরিক্ত সচিব (প্রশাসন) — পরীক্ষান্তে পেশ
সচিবের একান্ত সচিব
ডায়েরী নং ৮৭
তারিখ ১৩/০৩/২০২০
সচিব

- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন অনুষ্ঠান যেমন: সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বইমেলা, কবিতা আবৃত্তি, আনন্দভোজ ইত্যাদির আয়োজন।
- সকল প্রতিষ্ঠান বিশেষত শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ মুজিববর্ষব্যাপী জাতীয় পতাকার সাথে মুজিববর্ষের লোগো সম্বলিত পতাকা ব্যবহার করতে পারে। পতাকার ডিজাইন ওয়েবসাইটে (www.mujib100.gov.bd) দেয়া আছে;
- এছাড়া ওয়েবসাইটে জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন পোস্টারের টেমপ্লেট দেয়া আছে। কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসাবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্যে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে। তবে কোন ব্যক্তির ছবি ব্যবহার করা সমীচীন হবে না;
- ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো যেকোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন-বিয়োজন বছরব্যাপী তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান করা;
- নিজ অধিক্ষেত্রে বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান যদি থাকে সে সকল স্থানে স্থানীয় প্রশাসন গুরুত্ব দিয়ে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে;
- জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর বহুল ব্যবহার;
- বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন করা;
- জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ;
- সম্ভাব্য ও প্রযোজ্য ক্ষেত্রে আতশবাজি ও লেজার শো এর আয়োজন;
- জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়নের সময় বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ।

২। ১৭ই মার্চ ২০২০ তারিখে উদ্বোধনের দিন দেশের সকল বিভাগীয় ও জেলা শহর এবং সিটি কর্পোরেশনসমূহ দিনব্যাপী উপর্যুক্ত নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪:০০টা থেকে কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে নির্ধারিত স্থানে বিশেষ ব্যবস্থাপনায় অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হবে। এ লক্ষ্যে জেলা ও সিটি কর্পোরেশনসমূহের গুরুত্বপূর্ণ স্থানে LED স্ক্রিন/প্রজেক্টরের মাধ্যমে উক্ত অনুষ্ঠান সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও উপজেলা/ইউনিয়ন পর্যায়ে প্রয়োজনে শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের সুবিধাদি ব্যবহার করে কেন্দ্রীয় অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করা যাতে স্থানীয় জনগণ কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান সরাসরি উপভোগ করতে পারে। স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকার সংস্থাসমূহ কেন্দ্রীয় অনুষ্ঠান সম্প্রচারের আগে/পরে নিজস্ব আয়োজনে অনুষ্ঠান করতে পারে।

৩।	জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণ অথবা এ কার্যালয়ের মিডিয়া সেন্টারে সংরক্ষিত বঙ্গবন্ধু সংশ্লিষ্ট ভিডিও ফুটেজ/ছবি প্রয়োজন হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে:

(১) সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৭, মোবাইল: +৮৮০১৭২০১৭০৮৮৮

(২) দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৫ মোবাইল: +৮৮০১৭৮৩৫২৫২৮৫

(৩) ইফতেখার ইউনুস, সিনিয়র সহকারী সচিব
মোবাইল: +৮৮০১৯৩৩৮২৪৮১৮
ই-মেইল: bangabandhu100@gmail.com

২৫/৫/২০

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
প্রধান সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৩০৩২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব ... ... ... ... ... ... ... ... ..... ... ... ... ... ... (সকল)।
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব ... ... ... ... ... ... ... ... ..... ... ... ... ... ....... ... (সকল)।
৪। বিভাগীয় কমিশনার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... (সকল বিভাগ)।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা... ... ... ... ... ... ... ... ... ... ... ... (সকল সিটি কর্পোরেশন)।
৬। জেলা প্রশাসক ... ... ... ... ..... ... ... ... ... ... ... ... ... (সকল জেলা)।
৭। উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... ... ..... ... ... ... ... ... ... ...(সকল উপজেলা)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা / প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. মেয়রের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ... ... ... ... ... (সকল সিটি কর্পোরেশন)।